কানাইঘাটে বাড়ির সীমানার জায়গা নিয়ে বিরোধের জের ধরে সংঘর্ষ, আহত ৭

কানাইঘাট প্রতিনিধিঃ কানাইঘাট লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়নের সীমান্তবর্তী মঙ্গলপুর গ্রামে বসত বাড়ির সীমানার জায়গা নিয়ে বিরোধের জের ধরে দুই ভাইয়ের মধ্যে সংর্ঘষে ৭ জন আহতের খবর পাওয়া গেছে। গুরুতর আহত ৪ জনকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

স্থানীয় সূত্রে জানা যায়, আজ বুধবার সকাল সাড়ে ১০টার দিকে বাড়ির সীমানার জায়গা নিয়ে মঙ্গলপুর গ্রামের মৃত ফয়জুল হকের পুত্র আব্দুল মালিকের বসত বাড়িতে চড়াও হয়ে অপর ভাই আব্দুর রকিব, আম্বিয়া, আব্দুল আজিজ এবং ছেলেরা দেশীয় ধারালো অস্ত্রশস্ত্র সহ লাঠি-সোটা নিয়ে হামলা চালায়। এ সময় উভয় পক্ষের মধ্যে সংঘর্ষে আহত হন আব্দুল মালিক, তার স্ত্রী মরিয়ম বেগম ও ছেলে নাসির উদ্দিন, কুতুব উদ্দিন, শামীম উদ্দিন, এবং অপর পক্ষে আব্দুর রকিব, তার ভাতিজা রোমান উদ্দিন। গুরুতর আহত অবস্থায় আব্দুল মালিক, তার ছেলে নাসির উদ্দিন এবং আব্দুর রকিব, তার ভাতিজা রোমান উদ্দিনকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়েছে।

স্থানীয়রা জানান, বসত বাড়ির জমিজমা সীমানা নিয়ে দীর্ঘদিন থেকে আব্দুল মালিক ও অপর তিন ভাইয়ের মধ্যে বিরোধ চলে আসছিল। এর জের ধরে ঘটনার দিন বুধবার সাড়ে ১০টার দিকে আব্দুর রকিব, আম্বিয়া, আব্দুল আজিজ, তাদের ছেলে-ভাতিজা জমিল উদ্দিন, রোমান উদ্দিন, মুমিন, বাহার, জহির সহ তাদের বোন জামাইরা ধারালো দা, রড, রুইল, লাঠি-সোটা নিয়া আব্দুল মালিকের বাড়িতে এসে অতর্কিত হামলা চালালে সংঘর্ষের সূত্রপাত হয়। হামলার হাত থেকে রক্ষা পেতে আব্দুল মালিক ও তার ছেলে নাসির উদ্দিন, কুতুব উদ্দিন, শামীম উদ্দিন সংঘর্ষে জড়িয়ে পড়ে বলে এলাকাবাসী জানান।

হামলার সাথে একটি মামলার পলাতক আসামী জমিল উদ্দিন ধারালো অস্ত্র নিয়ে কোপিয়ে অপর পক্ষের লোকজনদের রক্তাক্ত জখম করেছে বলে জানা গেছে। এ ঘটনায় কানাইঘাট থানায় উভয় পক্ষ থেকে অভিযোগ দায়েরের প্রস্তুতি চলছে।